গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
লিয়াজোঁ ও শ্রোতা গবেষণা অনুবিভাগ
বাংলাদেশ বেতার
সদর দপ্তর
৩১/১, সৈয়দ মাহবুব মোর্শেদ সরণি
শের-ই-বাংলা নগর, আগারগাঁও, ঢাকা-১২০৭।
www.betar.gov.bd

নম্বর: ১৫.৫৩.০০০০.০০৭.১৭.১৯৪.২২.১৫

তারিখ: ২৯ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ
১২ ফেব্রুয়ারি ২০২৫ খ্রিস্টাব্দ

**প্রেস বিজ্ঞপ্তি**

**বিষয়: ''বিশ্ব বেতার দিবস-২০২৫'' উপলক্ষ্যে আগারগাঁওস্থ বাংলাদেশ বেতার প্রাঙ্গণে আয়োজিত দিনব্যাপী অনুষ্ঠান, আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।**

''বিশ্ব বেতার দিবস-২০২৫'' উপলক্ষ্যে আগামী ১৩ ফেব্রুয়ারি ২০২৫ খ্রি: ৩০ মাঘ ১৪৩১ বঙ্গাব্দ বৃহস্পতিবার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, শের-ই-বাংলা নগর, ঢাকায় দিনব্যাপী অনুষ্ঠান মালার আয়োজন করা হয়েছে। "Radio and Climate Change" ("বেতার ও জলবায়ু পরিবর্তন") প্রতিপাদ্য নিয়ে আয়োজিত বিশ্ব বেতার দিবসের দিনব্যাপী অনুষ্ঠানের প্রথম পর্বে সকাল ৯:০০টায় আগারগাঁওস্থ বাংলাদেশ বেতার প্রাঙ্গণ থেকে বাংলাদেশ বেতারের কর্মকর্তা, কর্মচারী, শিল্পী, কলা-কুশলী, শ্রোতা, কমিউনিটি রেডিও, বেসরকারি বাণিজ্যিক এফএম রেডিও-এর সদস্য এবং আমন্ত্রিত অতিথিদের সমন্বয়ে একটি বর্ণাঢ্য র‍্যালির আয়োজন করা হয়েছে। র‍্যালি পরবর্তী সকাল ১০:০০টা থেকে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্র থেকে আগত প্রায় ছয় শতাধিক শ্রোতাদের জন্য একটি শ্রোতা সম্মেলন অনুষ্ঠিত হবে। অনুষ্ঠানের দ্বিতীয় পর্বে বিকাল ৪:০০টা থেকে ''বিশ্ব বেতার দিবস-২০২৫'' উপলক্ষ্যে আলোচনা ও সন্ধ্যা ৬:০০টা থেকে একটি মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে। উক্ত অনুষ্ঠানে অন্তর্বর্তীকালীন সরকারের তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা জনাব মোঃ নাহিদ ইসলাম প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়ের মাননীয় সচিব, জনাব মাহবুবা ফারজানা এবং ইউনেস্কো-এর বাংলাদেশ প্রতিনিধি ও অফিস প্রধান Dr. Susan Vize। আলোচনা অনুষ্ঠানটির সভাপতিত্ব করবেন বাংলাদেশ বেতারের মহাপরিচালক জনাব এ এস এম জাহীদ।

''বিশ্ব বেতার দিবস-২০২৫'' উপলক্ষ্যে আয়োজিত আলোচনা ও সাংস্কৃতিক অনুষ্ঠান বাংলাদেশ বেতার ঢাকা-ক ৬৯৩ কিলোহার্জ, এফ.এম ১০৬ মেগাহার্জ ও ট্রাফিক সম্প্রচার কার্যক্রম এফ.এম ৮৮.৮ মেগাহার্জে এবং বাংলাদেশ বেতারের ওয়েবসাইট www.betar.gov.bd ও মোবাইল অ্যাপ: Bangladesh Betar থেকে সরাসরি সম্প্রচার করা হবে। একই সাথে বাংলাদেশ বেতারের সকল আঞ্চলিক কেন্দ্রের মধ্যম তরঙ্গ ও সংশ্লিষ্ট এফএম ব্যান্ডে অনুষ্ঠানটি একযোগে রিলে করা হবে। উল্লেখ্য যে, বাংলাদেশে ২০১২ সাল থেকে প্রতি বছর ১৩ ফেব্রুয়ারি তারিখে ইউনেস্কো (UNESCO) ঘোষিত "বিশ্ব বেতার দিবস" পালন করা হচ্ছে।

বিজ্ঞপ্তিটি অনুগ্রহপূর্বক প্রকাশ ও প্রচারের জন্য অনুরোধ করা হলো।

১২-০২-২০২৫
শ্যামল চৌধুরী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

**বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। প্রধান তথ্য অফিসার (চলতি দায়িত্ব), প্রধান তথ্য অফিসার এর দপ্তর, তথ্য অধিদফতর।

২। ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক, ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান সম্পাদক এর দপ্তর, বাংলাদেশ সংবাদ সংস্থা (বাসস)।
৩। উপ-মহাপরিচালক, উপ-মহাপরিচালক (বার্তা) এর দপ্তর, বাংলাদেশ টেলিভিশন।
৪। সিনিয়র প্রকৌশলী (দৈনন্দিন দায়িত্ব ), গবেষণা ও গ্রহণ কেন্দ্র, বাংলাদেশ বেতার (বেতারের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫। পরিচালক, পরিচালকের দপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা কেন্দ্র।
৬। পরিচালক বার্তা, কেন্দ্রীয় বার্তা সংস্থা, বাংলাদেশ বেতার, ঢাকা।।
৭। পরিচালক (মনিটরিং), পরিচালকের দপ্তর, মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা।
৮। পরিচালক বার্তা, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা।।
৯। পরিচালক, ট্রাফিক সম্প্রচার কার্যক্রম, বাংলাদেশ বেতার, ঢাকা।।
১০। চীফ রিপোর্টার, ইউএনবি/ bdnews24.com।
১১। সম্পাদক, দৈনিক ইত্তেফাক / দৈনিক যুগান্তর/ দৈনিক জনকন্ঠ/ দৈনিক প্রথম আলো/ দৈনিক সমকাল/ দৈনিক বাংলাদেশ প্রতিদিন/দৈনিক কালের কন্ঠ/ ডেইলী ষ্টার/ ডেইলী সান/ দৈনিক মানবজমিন/ দৈনিক আমাদের বার্তা, ঢাকা।
১২। সম্পাদক, দৈনিক ভোরের কাগজ/দৈনিক ইনকিলাব/দৈনিক যায়যায়দিন/দৈনিক মানব জমিন/দৈনিক সময়ের আলো/দৈনিক আলোচিত বাংলাদেশ/দৈনিক আমাদের সময়, ঢাকা।
১৩। প্রধান বার্তা সম্পাদক, চ্যানেল আই/ এটিএন বাংলা/ এটিএন নিউজ/ একুশে টিভি/ এনটিভি/ বাংলাভিশন/ দেশ টিভি/ ইন্ডিপেনডেন্ট টিভি/চ্যানেল ২৪/ একাত্তর টিভি, ঢাকা।
১৪। প্রধান বার্তা সম্পাদক, আরটিভি/এস এ টিভি/ সময় টেলিভিশন/ বৈশাখী টিভি/ মাছরাঙ্গা টেলিভিশন/ মাই টিভি/ জিটিভি মোহনা টিভি/ যমুনা টিভি/ চ্যানেল নাইন/ চ্যালেন একাত্তর/ চ্যালেন আই/ এনটিভি, ঢাকা।

**বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মহাপরিচালক মহোদয়ের স্টাফ অফিসার, বাংলাদেশ বেতার, সদর দপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতিকল্পে)।
২। নথি।।